

সৌদিতে উচ্চশিক্ষা: ফুল ফান্ড স্কলারশিপে ৭০০ আবেদন আহ্বান

ইত্তেফাক ডিজিটাল ডেস্ক

প্রকাশ : ০৬ জুলাই ২০২৫, ১১:১৭



বিদেশে উচ্চশিক্ষা অধিকাংশ শিক্ষার্থীর কাছে এক দূরাত্ত স্বপ্ন, বিশেষ করে আর্থিক সীমাবদ্ধতার কারণে। তবে সম্প্রতি সৌদি সরকার ঘোষিত ৭০০টি পূর্ণ অর্থায়িত আন্তর্জাতিক বৃত্তি সেই বাস্তবতা বদলে দিতে পারে। আধুনিক শিক্ষাব্যবস্থা, গবেষণার সুযোগ এবং সম্পূর্ণ খরচ বহনের প্রতিশ্রুতি—সব মিলিয়ে এ বৃত্তি হয়ে উঠতে পারে নতুন প্রজন্মের শিক্ষার্থীদের জন্য এক বিশাল সম্ভাবনার দ্বার।

 দৈনিক ইত্তেফাকের সর্বশেষ খবর পেতে [Google News](#) অনুসরণ করুন

মধ্যপ্রাচ্যের মরুপ্রান্তের পেরিয়ে সৌদি আরবের বিশ্ববিদ্যালয়গুলো এখন হয়ে উঠছে বৈশ্বিক শিক্ষার্থীদের জ্ঞানের কেন্দ্রস্থল। এ বৃত্তির আওতায় আগ্রহী শিক্ষার্থীরা স্নাতকোত্তর ও পিএইচডি ডিগ্রি অর্জনের সুযোগ পাবেন। নির্বাচিত শিক্ষার্থীরা দেশটির অন্তত ২৫টি সরকারি বিশ্ববিদ্যালয়ে উচ্চশিক্ষা গ্রহণ করতে পারবেন। বাংলাদেশসহ বিশ্বের যেকোনো দেশের শিক্ষার্থীরা এ বৃত্তির জন্য আবেদন করতে পারবেন।

সুবিধাসমূহ

- বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য মাসিক উপবৃত্তি ৯০০ রিয়াল
- মানবিক বিভাগের শিক্ষার্থীদের জন্য মাসিক উপবৃত্তি ৮৫০ রিয়াল
- বিনা মূল্যে বিমান টিকিট
- সম্পূর্ণ ফ্রি আবাসন
- বিবাহিত শিক্ষার্থীদের জন্য তিন মাসের মধ্যে সজ্জিত অ্যাপার্টমেন্ট
- স্বাস্থ্যবিমার সুবিধা
- ওমরাহ পালনের সুযোগ
- স্থানীয় যাতায়াতের খরচ বহনের সুবিধা

আবেদনের যোগ্যতা

- বাংলাদেশের যেকোনো শিক্ষার্থী আবেদন করতে পারবেন
- স্নাতকোত্তরের জন্য বয়সসীমা: সর্বোচ্চ ৩০ বছর
- পিএইচডি'র জন্য বয়সসীমা: সর্বোচ্চ ৩৫ বছর
- একজন প্রার্থী কেবল একটি বৃত্তির জন্য আবেদন করতে পারবেন
- আবেদনকারী কোনো অপরাধমূলক কর্মকাণ্ডে জড়িত থাকতে পারবে না

বিশেষ কিছু অংশগ্রহণকারী বিশ্ববিদ্যালয়

- ইমাম মুহাম্মদ ইবনে সৌদ ইসলামি বিশ্ববিদ্যালয়
- কিং আব্দুল আজিজ বিশ্ববিদ্যালয়
- উম্মুল কুরা বিশ্ববিদ্যালয়
- জেদ্দা বিশ্ববিদ্যালয়
- বাদশাহ ফয়সাল বিশ্ববিদ্যালয়
- কিং খালিদ বিশ্ববিদ্যালয়
- প্রিন্সেস নোরা বিশ্ববিদ্যালয়
- ইমাম আব্দুর রহমান বিশ্ববিদ্যালয়
- নর্দার্ন বর্ডার ইউনিভার্সিটি
- হাফর আল-বাতিন বিশ্ববিদ্যালয়
- তাইবাহ বিশ্ববিদ্যালয়

আবেদনের পদ্ধতি

শিক্ষার্থীরা সংশ্লিষ্ট সৌদি বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইটে গিয়ে আবেদন করতে পারবেন। সেখান থেকে বৃত্তির বিস্তারিত তথ্য জানা এবং অনলাইনে আবেদন করা যাবে।

আবেদনের শেষ তারিখ: ৩১ অক্টোবর, ২০২৫

এই বৃত্তি শুধু একটি শিক্ষার সুযোগ নয়, বরং এটি হতে পারে ভবিষ্যৎ গড়ার সোপান। আগ্রহী শিক্ষার্থীদের এখনই প্রস্তুতি শুরু করার উপযুক্ত সময়।